**কবিতা/গল্প প্রকাশ**



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



**ডাউনলোড "এই যুগ অ্যাপ"**



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"





HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 2 JULY 2026 ,THURSDAY | ২ জুলাই ২০২৬ ,বৃহস্পতিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-210


## ভুয়ো শংসাপত্র দিয়ে এখানে থাকা যাবে না ,তদন্ত হবেই ,জানালেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,১ জুলাই :** মুখ্যমন্ত্রীর নির্দেশ অনুযায়ী যে বা যারা ভুয়ো শংসাপত্র গ্রহণ বা প্রদান করবেন পশ্চিমবঙ্গ সরকার তাদের বিরুদ্ধে কঠোরতম অবস্থান গ্রহণ করবে। বুধবার সাংবাদিকদের মুখোমুখি হয়ে এ কথাই জানালেন রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল। এদিন মন্ত্রী দাবি করেন পূর্ববর্তী সরকারের সময়ে সীমান্তবর্তী এলাকা গুলোতে প্রচুর অতীতের তারিখ যুক্ত জন্ম শংসাপত্র প্রদান করা হয়েছে । বর্তমান সরকারের সময়ে এই সমস্ত জন্ম শংসাপত্রের পূর্ণাঙ্গ তদন্ত হবে। ভুয়ো জন্ম শংসাপত্র দিয়ে পশ্চিমবঙ্গে কোনোভাবেই বাস করা যাবে না।

## তৃণমূল পঞ্চায়েত সদস্যার বিরুদ্ধে গণ স্বাক্ষরিত অভিযোগ জমা



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১ জুলাই :** মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েতের জামালপুর পাড়ায় একটি বাঁশের উপর দিয়ে যাতায়াত করছে সাধারণ বাসিন্দারা। আর এর ফলেই মৃত্যু হয়েছে ওই এলাকার ১৭ বছরের নাবালক সাগর দেবনাথ এর। সাগরের মৃত্যুর পরেই এলাকার তৃণমূলের পঞ্চায়েত সদস্যার বিরুদ্ধে গণ স্বাক্ষরিত অভিযোগ জমা দিয়েছেন শামুকতলা রোড পুলিশ ফাঁড়ির ওসি সঞ্জীব মোদকের কাছে ওই এলাকার বাসিন্দারা। অভিযোগ তিন বছর ধরে বাঁশের সাঁকো তৈরি না করার দরুন মৃত্যু হয়েছে সাগরের। সাগরের মৃত্যুর জন্য দায়ী ওই এলাকার তৃণমূলের পঞ্চায়েত সদস্য প্রতিমা দেবনাথ সহ তার পরিবারের সদস্যরা। পুলিশ অভিযোগ পাওয়ার পরেই তদন্তের আশ্বাস দিয়েছে।

## পুরুলিয়া থেকে গ্রেফতার প্রাক্তন তৃণমূল কাউন্সিলর দেবরাজ চক্রবর্তী



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,১ জুলাই :** বুধবার ভিন রাজ্যে পালাতে গিয়ে পুরুলিয়া থেকে গ্রেফতার হলেন বিধাননগরের প্রাক্তন তৃণমূল কাউন্সিলর দেবরাজ চক্রবর্তী ।কলকাতা হাইকোর্টে আগাম জামিনের আবেদন জানিয়েছিলেন বিধাননগরের প্রাক্তন তৃণমূল কাউন্সিলর দেবরাজ ও তাঁর স্ত্রী প্রাক্তন তৃণমূল বিধায়ক অদিতি মুন্সি । স্ত্রী অদিতি মুন্সি হাইকোর্ট আগাম জামিন পেলেও , খারিজ হয়ে যায় দেবরাজের আগাম জামিনের আবেদন। এরপরে তোলাবাজির অভিযোগে ঝাড়খণ্ড পুরুলিয়া সীমান্ত থেকে প্রাক্তন তৃণমূল কাউন্সিলর দেবরাজ চক্রবর্তীকে গ্রেফতার করে রাজ্য পুলিশের এসটিএফ। সূত্রের খবর ,দেবরাজ এবং তাঁর স্ত্রী অদিতি মুন্সির বিরুদ্ধে কোটি কোটি টাকা দুর্নীতির অভিযোগ ছিল ,পাশাপাশি তোলা বাজিরও। দেবরাজ চক্রবর্তীর বিরুদ্ধে প্রসেনজিৎ নামের এক বিজেপি কর্মী খুনেরও অভিযোগ উঠেছিল ।যদিও দেবরাজ কে তোলা বাজির অভিযোগে এদিন ঝাড়খণ্ড পুরুলিয়া সীমান্ত থেকে গ্রেফতার করেছে রাজ্য পুলিশের এসটিএফ। ছবি: ফাইল চিত্র

## জেলাশাসক দপ্তরের উদ্যোগে কোচবিহারে "ডক্টরস ডে" উদযাপন



**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,১ জুলাই :** আজ ডাঃ বিধান চন্দ্র রায়ের জন্ম ও মৃত্যুবার্ষিকী উপলক্ষে আয়োজিত "ডক্টরস ডে" বা চিকিৎসক দিবসে ,জনস্বাস্থ্যের ক্ষেত্রে অটল নিষ্ঠা ,অক্লান্ত সেবা এবং অমূল্য অবদানের জন্য কোচবিহারের জেলা শাসক দপ্তরের পক্ষ থেকে কোচবিহারের BMOH ,ACMOH এবং জেলা স্বাস্থ্য আধিকারিকদের সগর্বে সম্মাননা জানানো হয়েছে। জেলা শাসক জিতীন যাদবের উপস্থিতিতে দপ্তরের আধিকারিকগণ এই কর্মসূচী পালন করেন। জেলা শাসক দপ্তর থেকে জানানো হয় ,"আজ আমরা কেবল একটি নির্দিষ্ট পেশাকে নয় ,বরং জীবন বাঁচানো ,মানবসেবা এবং একটি সুস্থ আগামীর জন্য নিয়োজিত আজীবন অঙ্গীকারকে উদযাপন করছি।"

# সরকারি প্রকল্পে দুর্নীতির অভিযোগ, লতাবাড়ি গ্রাম পঞ্চায়েতে স্মারকলিপি



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১ জুলাই :** সরকারি প্রকল্পের টাকা নয়ছয়ের অভিযোগ তুলে লতাবাড়ি গ্রাম পঞ্চায়েতের প্রধানের কাছে ১৪ দিনের মধ্যে জবাব চেয়ে বুধবার স্মারকলিপি জমা দিলেন হ্যামিল্টনগঞ্জের বাসিন্দাদের একাংশ।অভিযোগ, ২০২৫-২৬ অর্থবর্ষে লতাবাড়ি গ্রাম পঞ্চায়েত এলাকায় বিভিন্ন সরকারি উন্নয়ন প্রকল্পের কাজে ব্যাপক অনিয়ম ও দুর্নীতি হয়েছে। অনেক ক্ষেত্রে কাজ সম্পূর্ণ না করেই সরকারি অর্থ তোলা হয়েছে বলেও অভিযোগ করেন স্থানীয় বাসিন্দারা।এই অভিযোগের পরিপ্রেক্ষিতে ২০২৫-২৬ অর্থবর্ষে গ্রাম পঞ্চায়েতের অধীনে কোন কোন প্রকল্পে কত টাকা বরাদ্দ হয়েছে, কী কী কাজ সম্পন্ন হয়েছে এবং প্রকল্পগুলির বর্তমান অগ্রগতির বিস্তারিত তথ্য প্রকাশের দাবি জানিয়ে পঞ্চায়েত প্রধানের কাছে স্মারকলিপি দেওয়া হয়। হ্যামিল্টনগঞ্জের বাসিন্দা জানান, সরকারি অর্থের স্বচ্ছ ব্যবহার নিশ্চিত করতেই এই উদ্যোগ নেওয়া হয়েছে। আগামী ১৪ দিনের মধ্যে সন্তোষজনক জবাব না মিললে বৃহত্তর আন্দোলনের পথে নামার হুঁশিয়ারিও দেন তিনি।

# নেশার ট্যাবলেট সহ গ্রেপ্তার দুজন





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১ জুলাই :** প্রচুর পরিমাণে নিষিদ্ধ নেশার ট্যাবলেট সহ দুজনকে গ্রেফতার করল কালচিনি থানার পুলিশ। বুধবার গোপন সুত্রের খবরের ভিত্তিতে কালচিনি থানার পুলিশ কালচিনি রাঙ্গামাটি রোড এলাকায় অভিযান চালায়। অভিযান চালিয়ে পুলিশ দুজনকে গ্রেফতার করে তাদের কাছ থেকে ২২৪০ টি নিষিদ্ধ নেশার টেবলেট উদ্ধার হয়। অভিযুক্তদের কোর্টে পেশ করা হবে।

# চাকরি সুনিশ্চিতকরণের দাবিতে জেলা শাসকের দপ্তরে ডেপুটেশন



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১ জুলাই :** আনন্দধারা প্রকল্পে কর্মরত ব্লক লেভেল ট্রেনারদের চাকরি সুনিশ্চিতকরণের দাবিতে বুধবার আলিপুরদুয়ার জেলা শাসকের দপ্তরে ডেপুটেশন জমা দিলেন সংশ্লিষ্ট কর্মীরা। দীর্ঘদিন ধরে প্রকল্পে নিষ্ঠার সঙ্গে কাজ করলেও তাঁদের চাকরির স্থায়িত্ব নিয়ে অনিশ্চয়তা তৈরি হওয়ায় এদিন তাঁরা প্রশাসনের হস্তক্ষেপ দাবি করেন।ডেপুটেশন কর্মসূচিতে অংশগ্রহণকারী ব্লক লেভেল ট্রেনারদের বক্তব্য, তাঁরা দীর্ঘ সময় ধরে স্বনির্ভর গোষ্ঠীগুলিকে প্রশিক্ষণ, দক্ষতা বৃদ্ধি এবং বিভিন্ন সরকারি প্রকল্প বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছেন। অথচ এখনও তাঁদের চাকরির কোনও স্থায়ী নিশ্চয়তা নেই। ফলে ভবিষ্যৎ নিয়ে চরম উদ্বেগের মধ্যে দিন কাটাতে হচ্ছে।তাঁদের দাবি, অবিলম্বে ব্লক লেভেল ট্রেনারদের চাকরি সুনিশ্চিত করতে হবে, পরিষেবার স্বীকৃতি দিতে হবে এবং প্রয়োজনীয় সরকারি সুবিধা প্রদান করতে হবে। জেলা শাসকের মাধ্যমে রাজ্য সরকারের কাছে তাঁদের দাবি পৌঁছে দেওয়ার আবেদনও জানানো হয়।আন্দোলনকারীরা জানান, দাবি পূরণ না হলে আগামী দিনে বৃহত্তর আন্দোলনের পথে হাঁটতে বাধ্য হবেন তাঁরা।



# দুটি মৃতদেহ ময়নাতদন্ত হলো আলিপুরদুয়ারে





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১ জুলাই :** জামালপুর পাড়ার নাবালক সাগর দেবনাথ এর মৃতদেহ আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে ময়না তদন্তের পর তার পরিবারের হাতে তুলে দেওয়া হয়েছে। উল্লেখ্য গত সোমবার বিকেলে ওই এলাকায় একটি বাঁশ দিয়ে ডোবা পারাপার করতে গিয়ে ডোবার জলে ভেসে গিয়েছিল সাগর। মঙ্গলবার বিকেলে তাকে উদ্ধার করে সিভিল ডিফেন্স কর্মীরা। বুধবার তার মৃতদেহ আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে ময়নাতদন্তের পর তার পরিবারের হাতে তুলে দেওয়া হয়। তার মৃত্যুতে শোকস্তব্ধ হয়ে পড়ে এলাকা। শেষবারের মতো তাকে দেখার জন্য বের করেন গ্রামবাসীরা। অন্যদিকে শামুকতলা থানার মাঝের ডাবরি নো নাই নদীতে মৃত ব্যক্তির মৃতদেহ আলিপুরদুয়ার জেলা হাসপাতালে মর্গে ময়নাতদন্তের পর তার পরিবারের হাতে তুলে দেওয়া হয়েছে।

# পঞ্চায়েত প্রধানের স্বামী গ্রেপ্তার সরকারি সম্পত্তি হাপিসের অভিযোগে



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১ জুলাই :** তৃণমূলের গ্রাম পঞ্চায়েতের প্রধানের স্বামীর বিরুদ্ধে লিখিত অভিযোগের ভিত্তিতে আলিপুরদুয়ার জেলা পুলিশ তাকে গ্রেফতার করেছে। আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের চাপড়ের পাড় ১ গ্রাম পঞ্চায়েতের প্রধানের স্বামী রবীন্দ্র দাস কে গ্রেফতার করেছে আলিপুরদুয়ার জেলা পুলিশ বুধবার বিকেলে। অভিযোগ তিনি সরকারি সম্পত্তি হাপিস সহ বিভিন্ন অপরাধমূলক কাজে জড়িত রয়েছেন। রাজ্যে বিজেপি ক্ষমতায় আসার পরেই বিজেপির পক্ষ থেকে অভিযোগ দায়ের হয়েছে আলিপুরদুয়ার জেলা পুলিশের কাছে লিখিতভাবে। পুলিশ সূত্রে জানা গেছে তাকে জিজ্ঞাসাবাদ চলছে পুলিশের পক্ষ থেকে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |